গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
মৎস্য-৩ অধিশাখা
www.mofl.gov.bd

নং-৩৩.০০.০০০০.১২৮.২৩.০০২.১৪-১৮২

তারিখঃ ০৯ কার্তিক ১৪২৫
২৪ অক্টোবর ২০১৮

বিষয়ঃ- মেরিন ফিশারিজ একাডেমির সংশোধিত ক্যাডেট ভর্তি নির্দেশিকা অনুমোদন প্রসঙ্গে।

সূত্রঃ মেরিন ফিশারিজ একাডেমির পত্র নং-৩৩.০৭.০০০০.০০১.০০.০২০.৮৯-৯৯৫ তারিখঃ- ২৬/০৯/২০১৮খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে মেরিন ফিশারিজ একাডেমির সংশোধিত ক্যাডেট ভর্তি নির্দেশিকা (কপি সংযুক্ত) নির্দেশক্রমে অনুমোদন প্রদান করা হলো।

সংযুক্তঃ- বর্ণনামতে।

২৪/১০/১৮
(মোঃ মোদাচ্ছের বিল্লাহ্)
উপসচিব
ফোনঃ ৯৫৭৬৩৫৬

অধ্যক্ষ
মেরিন ফিশারিজ একাডেমি
চট্টগ্রাম।

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ-
১। সচিব মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। যুগ্মসচিব (ব্লু ইকোনমি) এর ব্যক্তিগত কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। অফিস কপি।

<u>মেরিন ফিশারিজ একাডেমির সংশোধিত ক্যাডেট ভর্তি নির্দেশিকা</u>

১। প্রতি বৎসর শুধুমাত্র একবার ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হইবে। একাডেমির অধ্যক্ষ কর্তৃক গঠিত একটি পরীক্ষা পরিচালনা কমিটি উক্ত ভর্তি পরীক্ষা পরিচালনা করিবে।

২। উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফলাফল প্রকাশের পর জাতীয় দৈনিক পত্রিকায় এবং একাডেমির ওয়েব পেইজে বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে ক্যাডেট ভর্তির জন্য দরখাস্ত আহবান করা হইবে।

৩। ভর্তিচ্ছু প্রার্থীর নিম্নবর্ণিত যোগ্যতাসমূহ থাকিতে হইবেঃ

**শিক্ষাগত যোগ্যতা ঃ বাংলাদেশ নৌ-বাণিজ্যিক জাহাজ অফিসার ও নাবিক প্রশিক্ষণ, সনদায়ন, নিয়োগ, কর্মঘন্টা এবং ওয়াচকিপিং বিধিমালা, ২০১১" অনুসারে ডেক ক্যাডেট এবং ইঞ্জিন ক্যাডেট নিয়োগের শর্ত মোতাবেক-**

**ক ইউনিট - বিএসসি ইন নটিক্যাল সায়েন্স এবং বিএসসি ইন মেরিন ইঞ্জিনিয়ারিং (চার বছর মেয়াদী) ঃ**

(১) মাধ্যমিক (বিজ্ঞান) বা ও লেভেল (গণিত ও পদার্থবিদ্যাসহ) অথবা সমমানের পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৩.৫০।

(২) উচ্চ মাধ্যমিক (বিজ্ঞান) বা এ লেভেল (গণিত ও পদার্থবিদ্যাসহ) অথবা সমমানের পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৩.৫০।

(৩) উচ্চ মাধ্যমিক বা এ লেভেল বা সমমানের পরীক্ষায় গণিত ও পদার্থবিদ্যায় আলাদাভাবে নূন্যতম জিপিএ ৩.৫ এবং ইংরেজিতে ন্যূনতম জিপিএ ৩.০০ অথবা IELTS গড় স্কোর ৫.৫ থাকিতে হইবে।

**শিক্ষাগত যোগ্যতা ঃ**

**খ ইউনিট - বিএসসি (অনার্স) ইন মেরিন ফিশারিজ (চার বছর মেয়াদী) ঃ**

(১) মাধ্যমিক (বিজ্ঞান) বা ও লেভেল (জীববিদ্যা ও রসায়নসহ) অথবা সমমানের পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৩.৫০ ।

(২) উচ্চ মাধ্যমিক (বিজ্ঞান) বা এ লেভেল (জীববিদ্যা ও রসায়নসহ) অথবা সমমানের পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৩.৫০ ।

(৩) উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় অবশ্যই জীববিদ্যা ('সি' গ্রেড) থাকিতে হইবে।

সাধারণ যোগ্যতাঃ

| | |
|---|---|
| বয়সঃ | সর্বোচ্চ ২১ বৎসর। |
| সাঁতারঃ | সাঁতার জানা আবশ্যক (পুরুষ প্রার্থীদের জন্য প্রযোজ্য)। |
| সাধারণঃ | অবিবাহিত বাংলাদেশের নাগরিক। |

**শারীরিক মান ঃ**

| | |
|---|---|
| উচ্চতাঃ | পুরুষঃ ১৬২.৫ সেমি এবং মহিলাঃ ১৫৫.০ সেমি (নূন্যতম)। |
| ওজনঃ | বডি মাস ইনডেক্স অনুসরণকরত উচ্চতা অনুযায়ী হইবে। |
| দৃষ্টিশক্তিঃ | নটিক্যাল ঃ ৬/৬।<br>মেরিন ইঞ্জিনিয়ারিং ঃ নূন্যতম ৬/১২।<br>মেরিন ফিশারিজ ঃ নূন্যতম ৬/১২। |
| কালার ভিশনঃ | স্বাভাবিক (মহিলা প্রার্থীদের জন্য শিথিলযোগ্য)। |

৪। ভর্তি প্রক্রিয়ার অংশ হিসাবে প্রার্থীগনকে প্রথমে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করিতে হইবে। লিখিত পরীক্ষার পূর্ণমান হইবে ২০০ (দুইশত) এবং প্রশ্নপত্র উচ্চ মাধ্যমিক পরীক্ষার সমমানের হইবে। ইউনিট অনুযায়ী নিম্নবর্ণিত চারটি বিষয়ে লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হইবে।

**ক ইউনিট**

ক) ইংরেজি ও সাধারণ জ্ঞান
খ) গণিত
গ) পদার্থবিদ্যা এবং
ঘ) রসায়ন

**খ ইউনিট**

ক) ইংরেজি ও সাধারণ জ্ঞান
খ) জীববিদ্যা
গ) পদার্থবিদ্যা এবং
ঘ) রসায়ন

প্রতিটি বিষয়ের প্রশ্নপত্রের পূর্ণমান হইবে ৫০ (পঞ্চাশ) এবং প্রশ্নপত্রে ৬০% অবজেকটিভ ও ৪০% বর্ণনামূলক প্রশ্ন থাকিবে। প্রতিটি অবজেকটিভ প্রশ্নের মান হইবে ০১ এবং বর্ণনামূলক প্রশ্নের সর্বোচ্চ মান হইবে ০৫। অবজেকটিভ প্রশ্নের ভুল উত্তর প্রদানের জন্য পরীক্ষার্থীর কোন নম্বর কর্তন করা হইবে না। লিখিত পরীক্ষায় উত্তর প্রদানের জন্য প্রার্থীদের সময় বরাদ্দ করা হইবে ২.০০ ঘন্টা।

(অঃ পৃঃ দ্রঃ)

৫। প্রশ্নপত্র একাডেমির প্রশিক্ষকবৃন্দের নিকট হইতে গালাসীলকৃত অবস্থায় গ্রহণ করা হইবে এবং প্রতিটি বিষয়ের জন্য কমপক্ষে ০৩ (তিন) জনের নিকট হইতে গোপনীয়ভাবে একাডেমির অধ্যক্ষ প্রশ্নপত্র সংগ্রহ করিবেন। অধ্যক্ষ কর্তৃক গঠিত একটি মডারেশন কমিটি উক্ত প্রশ্নপত্র মডারেশনকরত অধ্যক্ষের নিকট হস্তান্তর করিবেন। অধ্যক্ষ নিজ দায়িত্ব ও ব্যবস্থাপনায় সকল বিষয়ের প্রশ্নপত্র ছাপানো এবং বাঁধাইয়ের ব্যবস্থাকরত গোপনীয়তা রক্ষাপূর্বক নিজ দায়িত্বে সংরক্ষণ করিবেন।

৬। লিখিত পরীক্ষার উত্তরপত্রসমূহ একাডেমির নিয়মিত প্রশিক্ষকবৃন্দ কর্তৃক মূল্যায়ন করা হইবে। লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার পরবর্তী দুই সপ্তাহের মধ্যে জাতীয় দৈনিক পত্রিকার মাধ্যমে ফলাফল প্রকাশের ব্যবস্থা গ্রহণ করা হইবে।

৭। লিখিত পরীক্ষায় প্রতিটি বিষয়ে ৪০% অথবা তদূর্দ্ধ নম্বর প্রাপ্ত প্রার্থীদের মধ্য হইতে মেধাক্রমানুসারে প্রতিটি আসনের বিপরীতে ০৫(পাঁচ) জন করে প্রার্থী সাঁতার, স্বাস্থ্য, চক্ষু ও বিশেষ রং দর্শন পরীক্ষার জন্য নির্বাচন করা হইবে। তবে ৪০% অথবা তদূর্দ্ধ নম্বর প্রাপ্ত প্রার্থীর সংখ্যা প্রয়োজনের তুলনায় কম হইলে একাডেমির 'বোর্ড অব স্টাডিজ' এর সভার সিদ্ধান্তের ভিত্তিতে মৌখিক, স্বাস্থ্য, চক্ষু ও বিশেষ রং দর্শন এবং সাঁতার পরীক্ষার জন্য প্রার্থী নির্বাচন করা হইবে। টেলিটকের মাধ্যমে প্রার্থীদের উক্ত পরীক্ষাসমূহের সময়সূচী জানানো হইবে।

৮। মন্ত্রণালয়ের অনুমোদিত মৌখিক পরীক্ষা কমিটি কর্তৃক মৌখিক পরীক্ষা গ্রহণ করা হইবে। মৌখিক পরীক্ষার পূর্ণমান ১০০ (একশত) হইবে। তাহার মধ্যে এসএসসি ও এইচএসসি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের জন্য ৫০ (২০+৩০) নম্বর বরাদ্দ থাকিবে। অবশিষ্ট ৫০ নম্বরের মধ্যে প্রার্থীদের Personality, Speech & Expression, Quantitative Aptitude, General Awareness & Knowledge, Extra-curricular Activities ইত্যাদি যাচাই করা হইবে।

৯। সিভিল সার্জন, চট্টগ্রামকে আহবায়ক করিয়া ০৩ (তিন) বা ততোধিক সদস্যের একটি মেডিক্যাল বোর্ড গঠন করা হইবে এবং এই বোর্ড আন্তর্জাতিক নৌ সংস্থা কর্তৃক সমুদ্রে চাকুরীর জন্য নির্ধারিত স্বাস্থ্যগত যোগ্যতার নিরীখে নির্বাচিত প্রার্থীদের স্বাস্থ্য পরীক্ষা সমাপনান্তে অধ্যক্ষের নিকট গোপণীয়ভাবে প্রতিবেদন প্রদান করিবেন। অন্যদিকে চক্ষু পরীক্ষা ও বিশেষ রং দর্শন পরীক্ষাসমূহে অংশগ্রহণের জন্য প্রার্থীগণকে নৌবাণিজ্য অধিদপ্তর, চট্টগ্রাম এর দপ্তরে প্রেরণ করা হইবে। প্রার্থীগণকে পরীক্ষণের পর উক্ত দপ্তর অধ্যক্ষের নিকট গোপণীয়ভাবে প্রতিবেদন প্রদান করিবেন। এই প্রক্রিয়া লিখিত পরীক্ষার ফল প্রকাশের পরবর্তী তিন সপ্তাহের মধ্যে সম্পন্ন করিতে হইবে।

১০। একাডেমির সুইমিং পুলে নিজস্ব ব্যবস্থাপনায় সাঁতার পরীক্ষা নেওয়া হইবে।

১১। সকল পর্যায়ের পরীক্ষার ফলাফল প্রাপ্তির এক সপ্তাহের মধ্যে একাডেমির 'বোর্ড অব স্টাডিজ' কর্তৃক মেরিন ফিশারিজ একাডেমিতে ভর্তির নিমিত্ত মেধাক্রমানুসারে ও প্রার্থীর পছন্দের বিভাগের ভিত্তিতে চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের তালিকা এবং অপেক্ষমান তালিকা প্রস্তুতকরত দুই সপ্তাহের মধ্যে একাডেমিক কাউন্সিল কর্তৃক অনুমোদনের জন্য উপস্থাপন করা হইবে।

১২। একাডেমিক কাউন্সিল কর্তৃক অনুমোদিত চূড়ান্ত তালিকায় স্থানপ্রাপ্ত প্রার্থীদের নিকট রেজিষ্ট্রার্ড ডাকযোগে একাডেমিতে ভর্তির 'অফার লেটর' প্রেরণ করা হইবে। প্রার্থীগণ নির্দিষ্ট দিনে একাডেমিতে ক্যাডেট হিসাবে ভর্তি হইবার পর কোন আসন শূন্য থাকিলে অথবা পরবর্তীতে কোন আসন শূন্য হইলে তাহা অপেক্ষমাণ তালিকা হইতে মেধাক্রমানুসারে পূরণ করা হইবে।

১৩। প্রতি ব্যাচে মোট ৯০ জন ক্যাডেট ভর্তি করা হইবে। তিনটি কোর্সের আসন সংখ্যা হইবে নিম্নরুপঃ

| | | |
|---|---|---|
| ক। | বিএসসি ইন নটিক্যাল সায়েন্স ঃ | ৩৫টি। |
| খ। | বিএসসি ইন মেরিন ইঞ্জিনিয়ারিং ঃ | ৩৫টি (পুরুষ ক্যাডেট- ৩০জন এবং মহিলা ক্যাডেট- ০৫ জন)। |
| গ। | বিএসসি (অনার্স) ইন মেরিন ফিশারিজ ঃ | ২০টি (পুরুষ ক্যাডেট- ১০জন এবং মহিলা ক্যাডেট- ১০ জন)। |

১৪। বিএসসি ইন নটিক্যাল সায়েন্স ও বিএসসি ইন মেরিন ইঞ্জিনিয়ারিং কোর্সে যথাক্রমে ০৪ (চার) জন করে এবং বিএসসি (অনার্স) ইন মেরিন ফিশারিজ কোর্সে ০২ (দুই) জন করে মোট ১০ (দশ) জন বিদেশী পুরুষ ক্যাডেট ভর্তির ব্যবস্থা গ্রহণ করা হইবে। তিনটি কোর্সে ভর্তিচ্ছু প্রার্থীর যোগ্যতাসমূহ ভর্তি নির্দেশিকায় উল্লেখিত যোগ্যতার অনুরুপ হইবে।

১৫। ভর্তি ফি হইবে ৬৫০.০০ টাকা। ক্যাডেট ভর্তি প্রক্রিয়ায় সহায়তাকারী প্রতিষ্ঠান টেলিটক মোবাইলকে ভর্তি ফি এর ১০% প্রদান করিতে হইবে এবং অবশিষ্ট অর্থ সরকারী কোষাগারে সমর্পণ করিতে হইবে।

১৬। আবেদন পত্রের সহিত গৃহীত ড্রাফট একাডেমির চলতি হিসাবে জমা করিতে হইবে এবং জমাকৃত অর্থ সরকারী কোষাগারে সমর্পণ করিতে হইবে।

১৭। ভর্তিকৃত প্রতিটি ক্যাডেটের চারিত্রিক বৈশিষ্ট্য ও অতীত কর্মকান্ড সম্বন্ধে নিশ্চিত হওয়ার জন্য পুলিশ ভেরিফিকেশন করা হইবে। পুলিশ ভেরিফিকেশনের প্রতিবেদনে যদি ভর্তিকৃত ক্যাডেট সম্বন্ধে কোন বিরুপ মন্তব্য পাওয়া যায় তবে তাহার ক্যাডেটশীপ তাৎক্ষণিকভাবে বাতিল হইয়া যাইবে।

২৪/০৫/১৫

মোঃ মোদাচ্ছের বিল্লাহ
উপসচিব
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার